ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.০৭.১৪৫.২৩ নথির বিষয়: Beautification works of Chandnighat water treatment Plant.

নোট: ১ নোটের বিষয়: Beautification works of Chandnighat water treatment Plant.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/১১/২৩ ৮:০৯ অপরাহ্ন

চাঁদনীঘাট পানি শোধনাগার একটি কে পি আই স্থাপনা । উক্ত শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলা জায়গা রয়েছে। প্রতিনিয়ত প্লান্টে মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতা সংস্থার প্রতিনিধিবর্গ, সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা সহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারনে প্লান্টের অভ্যন্তরীণ পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন ও দৃষ্টিনন্দন এবং আকর্ষণীয় রাখা ও স্বাস্থ্য সুরক্ষা যথাযথ রাখতে মৌসুমী ফুল -ফল গাছ রোপন করার প্রয়োজন। প্লান্টের অভ্যন্তরের রাস্তার দুই পাশের সৌন্দর্য বর্ধনের জন্য ফুল -ফল গাছ লাগানোর উদ্যোগ নেয়া হয়েছে। সেই আলোকে বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাবনার সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হয়েছে(ক্র: নং-৫ দ্র:)। এতে মোট টাকার পরিমান দাড়িয়েছে টা:২,৯৮,৯৩০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত ত্রিশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের খরচ মড়স জোন-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃশোধনাগার(ও এন্ড এম) খাতের ক্রমিক নং-৯২W17 এ e-GP LTM পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন রয়েছে।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃশোধনাগার(ও এন্ড এম) খাতের কপি।.
২। ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন.
৩। ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন.
৪। ঠিকাদারী প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন.
৫। প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/১১/২৩ ৮:১৯ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে চাঁদনীঘাট পানি শোধনাগারের অভ্যন্তরীণ পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন ,দৃষ্টিনন্দন ও সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে " Beautification works of Chandnighat water treatment plant " কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার নিমিত্তে উপস্থাপিত সর্বমোট = ২,৯৮,৯৩০/-(দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত ত্রিশ)মাত্র এর প্রাক্কলনটির কারিগরি ও প্রশাসনিক অনুমোদন করতঃ e-GP LTM পদ্ধতিতে দরপত্র আহবান এর জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **উল্লেখ্য যে,আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

৯/১১/২৩ ৮:১৯ অপরাহ্ন মোঃ ওমর ফারুক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	৯/১১/২৩ ৮:২২ অপরাহ্ন মোঃ ইলিয়াস হোসেন সহকারী প্রকৌশলী মডস জোন-২	১১/১১/২৩ ১:৩৭ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	~~১১/১১/২৩ ১:৩৭ অপরাহ্ন~~ ~~মোঃ আব্দুল মজিদ~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~মডস সার্কেল-১~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/১১/২৩ ১০:৪৬ পূর্বাহ্ন

Approved

১৩/১১/২৩ ১০:৪৭ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	১৩/১১/২৩ ৫:১৪ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	১৩/১১/২৩ ৫:১৪ অপরাহ্ন মোঃ ওমর ফারুক উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২